**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**(নিয়োগ শাখা)।**
**www.supremecourt.gov.bd**

বিজ্ঞপ্তি নং- ০৬ এ, তারিখ ঃ ০৫/০১/২০১৭ খ্রিঃ।

**বিষয় ঃ অধস্তন আদালতের বিচারকগণের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগ সংক্রান্তে "e-application software" চালুকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অধস্তন আদালতসমূহে বিচারাধীন মামলার আধিক্য হ্রাস, মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা পরিহার তথা দ্রুত বিচার নিষ্পত্তির লক্ষ্যে দেশের বিভিন্ন আদালতে কর্মরত সকল পর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাদের সাপ্তাহিক ছুটির দিনেও কর্মস্থলে অবস্থান করা বাঞ্ছনীয় হওয়ায় সুপ্রীম কোর্টের রেজিস্ট্রারকে অবহিতকরণ ব্যতিরেকে বিচারকগণকে কর্মস্থল ত্যাগ না করার জন্য অত্রকোর্ট হতে ইতোমধ্যে ০২/০৬/২০১৫ খ্রিঃ তারিখে সার্কুলার নং-০৭/২০১৫ জারী করা হয়েছে।

০২। তৎপ্রেক্ষিতে অধস্তন আদালতের বিচারকগণ কর্মস্থল ত্যাগসহ নৈমিত্তিক ছুটি গ্রহণের বিষয়ে সুপ্রীম কোর্টের রেজিস্ট্রারকে অবহিত করলেও আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ব্যতিরেকে সংশ্লিষ্ট বিচারকগণের ছুটি বা কর্মস্থল ত্যাগের বিষয়ে রেজিস্ট্রি অফিস থেকে দ্রুত তথ্য সেবা প্রদান করা সম্ভব হচ্ছে না। সে কারণে অধস্তন আদালতের বিচারকগণের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের বিষয়টি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তি করার লক্ষ্যে অত্র কোর্ট কর্তৃক **"e-application software"** চালু করা হয়েছে। **"e-application software"** চালু করার ফলে কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটির বিষয়টি নিষ্পত্তি করা সহজ হবে; ফলশ্রুতিতে বিচারকগণের কাজে গতিশীলতা আসবে।

০৩। ইতোমধ্যে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগ সংক্রান্তে **"e-application software manual"** প্রস্তুত করা হয়েছে। উক্ত ম্যানুয়ালে বিচার বিভাগীয় কর্মকর্তাগণের ছুটি ও কর্মস্থল ত্যাগ সংক্রান্তে যাবতীয় তথ্যাদি সন্নিবেশিত করা হয়েছে **(কপি সংযুক্ত)**।

০৪। প্রাথমিকভাবে সফটওয়্যারটি বাংলাদেশের সকল জজশীপে প্রয়োগ না করে পরীক্ষামূলকভাবে প্রয়োগের জন্য দেশের ২১টি জেলাকে বাছাই করা হয় এবং বিগত ০১ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখ হতে ২১টি জেলাতে এ কার্যক্রম শুরু হয়। বর্তমানে উক্ত ২১টি জেলাতে **"e-application software"** সফলভাবে কাজ করছে।

০৫। এক্ষণে, আপনার জজশীপসহ অবশিষ্ট ৪৩ টি জজশীপে জেলা জজের জন্য **"e-application software"** চালু করা হবে এবং ইতোমধ্যে উক্ত ৪৩টি জেলা জজের জন্য আলাদা ID ও Password প্রস্তুত করা হয়েছে।

০৬। এমতাবস্থায়, আগামী ০৫ জানুয়ারি ২০১৭ খ্রিঃ তারিখ হতে আপনার নৈমিত্তিক ছুটি ও কর্মস্থল ত্যাগের আবেদন দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির লক্ষ্যে প্রচলিত নিয়মে প্রেরণ না করে **"e-application software"** প্রয়োগ করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বাঃ/
(মোঃ আজিজুল হক)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)
ফোন ঃ ৯৫৬৬৮২৬।

স্মারক নং ১৫৭ (৪৩) এ, তারিখ ঃ ৫ /০১/২০১৭ খ্রিঃ।

**সদয় জ্ঞাতার্থে বিতরণ ঃ**

০১। জেলা জজ, নরসিংদী/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/মাদারীপুর/শরীয়তপুর/টাঙ্গাইল/গোপালগঞ্জ/কিশোরগঞ্জ/ফেনী/ব্রাহ্মণবাড়িয়া/লক্ষীপুর/খাগড়াছড়ি/বান্দরবন/রাঙ্গামাটি/চট্টগ্রাম/চাঁদপুর/সুনামগঞ্জ/ভোলা/বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/বাগেরহাট/নড়াইল/ঝিনাইদহ/মাগুরা/কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা/রাজশাহী/নওগাঁ/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট/লালমনিরহাট/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়/ময়মনসিংহ/জামালপুর/নেত্রকোনা/শেরপুর।

**অনুলিপি ঃ**

০১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
০৩। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

04.01.17
(মো: তাছিম বিল্যাহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।